

আন্তর্জাতিক গবেষণায় দেশের সেরা দশ বিশ্ববিদ্যালয়ের তালিকায় জাবিপ্রবি

মো. বেলাল হোসাইন, কন্ট্রিভিউটিং রিপোর্টার, জাবিপ্রবি

প্রকাশিত: ১০:৩৪, ৩১ মে ২০২৫



ছবি- দৈনিক জনকর্ত

×



জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (জাবিপ্রবি) আন্তর্জাতিক গবেষণাক্ষেত্রে এক গরিবত অধ্যায়ের সূচনা করেছে। বিশ্ববিদ্যালয় নেচার ইনডেক্স ২০২৪-এর (Nature Index)

প্রকাশিত তালিকায় বাংলাদেশের শীর্ষ ১০ গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১০ম স্থান অর্জন করেছে জাবিপ্রবি। যদিও সেখানে বিশ্ববিদ্যালয়ের পূর্বের নাম বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় উল্লেখ করা হয়েছে।



জানা যায়, বৈশ্বিক গবেষণার মানদণ্ডে উচ্চ মানের গবেষণা প্রকাশের ভিত্তিতে প্রণীত এই সূচকে আইসিডিডিআরবি, ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও মিলিটারি ইনসিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) মতে অভিজাত প্রতিষ্ঠানগুলোর পাশে উঠে এসেছে জাবিপ্রবির নাম। এটি বিশ্ববিদ্যালয়ের জন্য শুধু একটি স্বীকৃতি নয়, বরং ছোট বিশ্ববিদ্যালয় হিসেবে এটা গর্বের বিষয়।

এ বিষয়ে জাবিপ্রবির গবেষণা সেলের পরিচালক মাহমুদুল হাছান বলেন, আনন্দের বিষয় হল অসংখ্য গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে নতুন বিশ্ববিদ্যালয় হিসেবে আমাদের বিশ্ববিদ্যালয় ১০ম স্থান অর্জন করেছেন। আমরা যদি ভবিষ্যতে গবেষণা খাতে আরও সুযোগ সুবিধা পাই তাহলে আরও ভালো কিছু করা সম্ভব।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রোকনুজ্জামান বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ে তেমন কোনো রিসার্চ এর সুযোগ নেই। যে সকল শিক্ষক এবং শিক্ষার্থী গবেষণা করেছে তাঁরা মানসম্মত জ্ঞানালে প্রকাশ করেছে ফলে এতো ভালো অবস্থান অর্জন করা সম্ভব হয়েছে। আশা করি, আমাদের বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা তাদের মেধা ও যোগ্যতা দিয়ে বিশ্ববিদ্যালয়কে বিশ্ব দরবারে আরও সুন্দর রূপে তুলে ধরবে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-গবেষকদের পাশাপাশি শিক্ষার্থীরাও এই অর্জনে দারুণ উচ্ছ্বসিত। তাদের মতে, এই স্বীকৃতি নতুন প্রজন্মকে গবেষণামূখী ও উদ্ভাবনী ভাবনার দিকে উৎসাহিত করবে।